Advertisement



## Lok Sabha Election 2024

# ভুল পূর্বাভাস: নেপথ্যে কি চক্রান্ত, চর্চা চলল দিনভর

মানুষ মাত্রেরই ভুল হয়! অতীতে অনেক ভোটের ফল প্রদীপেরা অক্ষরে অক্ষরে মিলিয়েছিলেন। এ বারের বুথ ফেরত সমীক্ষাতেও তাঁদের সব অঙ্ক ভুল হয়নি বলে টিভি সাংবাদিকেরা প্রদীপকে সান্ত্বনা দিয়ে যাচ্ছিলেন।



—প্রতিনিধিত্বমূলক ছবি।

ADVERTISEMENT
Ads by

**ঋজু বসু**

কলকাতা শেষ আপডেট: ০৫ জুন ২০২৪ ০৮:৪৯

Share: Save:

ছিল রুমাল, হল বেড়াল। বা কাউকে মগডালে তুলে ফেলে দেওয়া হল নীচে। এ ভাবেই বিষয়টা দেখছেন কেউ কেউ। মঙ্গলবার দিন শেষে মনে হচ্ছে, যে-ই জিতুক, হারুক— ভরাডুবি এগ্‌জ়িট পোল বা বুথ-ফেরত সমীক্ষারই।

Advertisement

২০২৪-এর লোকসভা ভোট গণনার দিনটি অনেকেরই মনে গেঁথে থাকবে, এগ্‌জ়িট পোল-খ্যাত 'অ্যাক্সিস পোল ইন্ডিয়া'-র কর্ণধার প্রদীপ গুপ্তের জন্য। বুথ-ফেরত সমীক্ষায় এনডিএ-কে '৪০০ পার' আসন দিয়েছিলেন প্রদীপেরা। টিভি চ্যানেলে তাঁকে এ দিন অঝোরে কাঁদতে দেখা গিয়েছে।

## দিল্লিবাড়ির লড়াই

২০২৪ লোকসভা নির্বাচনের সমস্ত খবর জানতে চোখ রাখুন আমাদের 'দিল্লিবাড়ির লড়াই' -এর পাতায়।

চোখ রাখুন

মানুষ মাত্রেরই ভুল হয়! অতীতে অনেক ভোটের ফল প্রদীপেরা অক্ষরে অক্ষরে মিলিয়েছিলেন। এ বারের বুথ ফেরত সমীক্ষাতেও তাঁদের সব অঙ্ক ভুল হয়নি বলে টিভি সাংবাদিকেরা প্রদীপকে সান্ত্বনা দিয়ে যাচ্ছিলেন। আর ক্যামেরায় ধরা পড়েছে, দু'হাতে চোখ ঢেকে ডুকরে ডুকরে কেঁদে উঠছেন প্রদীপ।


ভোট বিশ্লেষকদের মতে, পশ্চিমবঙ্গ, মহারাষ্ট্র এবং উত্তরপ্রদেশেই বেশির ভাগ 'এগ্‌জ়িট পোল'-এর মুখ পুড়েছে। রাজনৈতিক কর্মী প্রসেনজিৎ বসু এই বুথ-ফেরত সমীক্ষার কেলেঙ্কারির অপরাধীদের সাজার দাবি তুলে নির্বাচন কমিশন, সুপ্রিম কোর্ট এবং সেবি-কে বিষয়টি দেখার আর্জিও জানিয়েছেন।

শিকাগো বিশ্ববিদ্যালয়ের ইতিহাসের অধ্যাপক দীপেশ চক্রবর্তী মনে করেন, "বুথ-ফেরত সমীক্ষার পদ্ধতি নিয়ে অনেক স্বচ্ছতা দরকার।" দেশের প্রাক্তন সংস্কৃতি সচিব তথা তৃণমূলের রাজ্যসভার সাংসদ জহর সরকার বেশির ভাগ বুথ-ফেরত সমীক্ষককে 'গোদি পোলস্টার' আখ্যা দিয়ে ইচ্ছাকৃত মিথ্যার বেসাতি করার অভিযোগ এনেছেন। জহরের অভিযোগ, "ওঁরা বিপাকে পড়েছেন বুঝেই মোদী-শাহ শেয়ারবাজার নিয়ে পূর্বাভাস করেছিলেন। শেয়ারের পতনে ছোট শেয়ার কারবারিদের মধ্যে ত্রাস সৃষ্টি হল। আর বিজেপি-ঘনিষ্ঠ পুঁজিপতিদের পোয়া বারো।"

## আরও পড়ুন



বিধায়ক পদ থেকে ইস্তফা দিচ্ছেন অখিলেশ, এ বার কে হবেন উত্তরপ্রদেশের বিরোধী দলনেতা?





লোকসভার ফলের নিরিখে

ADVERTISEMENT
Ads by

রাজনৈতিক বিশ্লেষক শুভময় মৈত্র বলছেন, “এত বড় দেশের বুথ-ফেরত সমীক্ষাগুলির পদ্ধতি নিয়ে প্রশ্ন থাকেই। কেউ এক কোটি লোককে দিয়ে সমীক্ষা করিয়েছে বললেও অত খরচ বিশ্বাসযোগ্য নয়। তা ছাড়া নমুনা সংগ্রহের পদ্ধতিও স্পষ্ট নয়। সুতরাং এ সব মূলত বিনোদন।” ভোটের আগের দিনই শুভময় বলেন, “এগ্‌জ়িট পোল যা-ই বলুক, পশ্চিমবঙ্গে ভোটের প্রবণতা খতিয়ে দেখে বিজেপি তৃণমূলের থেকে বেশি আসন পেলে অবাক হব!” ফল প্রকাশের পরে তিনি বলছেন, “মহারাষ্ট্র, পশ্চিমবঙ্গে এগ্‌জ়িট পোলের ভুল ধরতে পেরেছিলাম। তবে উত্তরপ্রদেশ আমাকেও অবাক করেছে। অযোধ্যায় বিজেপির হার বোঝাচ্ছে, ধর্ম-ভিত্তিক রাজনীতিই এ দেশে সব সময়ে শেষ কথা বলে না।”

সেন্টার ফর পলিসি রিসার্চের সিনিয়র ফেলো নীলাঞ্জন সরকারও বলছেন, “বুথ ফেরত সমীক্ষার পদ্ধতিতে স্বচ্ছতায় খামতি রয়েছে। অনেকে ভোটার তালিকা ধরে র‍্যান্ডম স্যাম্পলিং বা নমুনা সংগ্রহ করেন। কিন্তু কার কাছ থেকে কী তথ্য এল, তার সবটা জনসমক্ষে ফাঁস করেন না। কে উত্তর দিলেন না বা ঘুরিয়ে উত্তর দিলেন, এ সবও বিশ্লেষণ করা দরকার।” তবে এ বারের বুথ ফেরত সমীক্ষাকে চক্রান্ত বলতে রাজি নন নীলাঞ্জন। তাঁর মতে, বিজেপির পক্ষে বা বিপক্ষে আগেও পূর্বাভাসে ভুল হয়েছে।

তবু বুথ-ফেরত সমীক্ষার হারকে দেশের গণতন্ত্রের জয় বলে দেখছেন দীপেশ। তাঁর মতে, “এই নিরপেক্ষ ভোটের জন্য বিজেপিরও কৃতিত্ব প্রাপ্য। অনেক পড়শি দেশের তুলনায় ভারতের ভোট ব্যবস্থা অবাধ, এটা তো প্রমাণ হল!”




**অনিন্দ্য জানার বিশ্লেষণ: কেন হল? কী হবে?**


**দিল্লিবাড়ির লড়াই**

২০২৪ লোকসভা নির্বাচনের সমস্ত খবর জানতে চোখ রাখুন আমাদের 'দিল্লিবাড়ির লড়াই' -এর পাতায়।

চোখ রাখুন

অন্য বিষয়গুলি: Lok Sabha Election 2024 Exit Poll 2024


সবচেয়ে আগে সব খবর, ঠিক খবর, প্রতি মুহূর্তে। ফলো করুন আমাদের মাধ্যমগুলি:



বাংলা থেকে তৃতীয় মোদী সরকারে মন্ত্রী কারা? অঙ্ক কষে চার নাম নিয়ে জোর জল্পনা রাজ্য বিজেপিতে

Advertisement




ADVERTISEMENT
Ads by


Advertisement

## আরও পড়ুন

আনন্দবাজার পত্রিকা অনলাইন

ফরাসি ওপেন জেতা হল না বোপান্নার, সেমিফাইনালে হার অস্ট্রেলীয় সঙ্গীকে নিয়ে

আনন্দবাজার পত্রিকা অনলাইন

উচ্চ মাধ্যমিকের পর রাজ্য জয়েন্টেও ভাল ফল হুগলির, জেলা থেকে মেধাতালিকায় ষষ্ঠ ঋতম

আনন্দবাজার পত্রিকা অনলাইন

কলকাতার যুবভারতীতে সুনীলের বিদায়ী ম্যাচ, ভারতের প্রথম একাদশে নেই কোনও বাঙালি

আনন্দবাজার পত্রিকা অনলাইন

বিধায়ক পদ থেকে ইস্ দিচ্ছেন অখিলেশ, এ কে হবেন উত্তরপ্রদেশে বিরোধী দলনেতা?

Tab

**Modular Kitchens starting at 1.75 Lakhs**
Elevate your kitchen with Zero Down Payment and Easy EMI! Discover the perfect blend of style and convenience with HomeLane.Choose HomeLane, I most trusted home interiors brand.
HomeLane | Sponsored

**Unlock The Hindu Digital for ₹1 - Limited Time Offer!**
Enjoy 1 month of premium access for just ₹1. Renews at ₹299/month. Cancel anytime.
The Hindu | Sponsored

**Summer Sale 2024: Grab Your Dream Watches Now**
Luxespot | Sponsored

**Personalized Modular Kitchen Interiors built to your budget.**
45 Day Delivery. Upto 10-Year Material Warranty. No Hidden Costs. Book a FREE design session!
HomeLane | Sponsored

**New 3BHK Flats In Howrah :(Take A Look At Prices)**
3bhk | Sponsored

**For people aged 20 to 67: how to start investing in companies like Amazon**
CPX | Sponsored

ADVERTISEMENT
Ads by

**End Of Season Sale Under @499**
Luxespot | Sponsored

**350+ Companies Who Recruit From IITs Also Recruit From LPU B.Tech.**
2000+ Companies at Campus Placements. 3Cr Highest Package to Alumni. Limited Seats. Apply!
Transforming Education Transforming India | Sponsored

**How to boost income with $249 Amazon investment**
CPX | Sponsored

**B.Tech. Program at LPU - India's Top University for Engineering.**
Highest Package 3 Cr. Top Global Faculty. 450+ Global Tie-ups. Application Closing Soon!
Transforming Education Transforming India | Sponsored

**Play War Thunder now for free**
Fight in over 2000 unique and authentic Vehicles. Fight on Land, on Water and in the Air. Join the most comprehensive vehicular combat game. Over 20
ships and aircraft.
War Thunder | Sponsored

**Empty Antarctica Cruise Cabins Cost Almost Nothing**
Antarctica Cruises | Search Ads | Sponsored

**Nveda Calcium Complex Pack of 2 at Rs.480**
NVEDA Calcium Complex is your partner in maintaining a balanced lifestyle. Easy to incorporate into your routine, this supplement offers reliable and co
support for your body's needs.
Nveda Supplement | Sponsored

ADVERTISEMENT
Ads by

Follow us on

News
Kolkata
West Bengal
India
World
Sports
Entertainment
Business
Science

Opinion
Editorial
Letters to the Editor

Living
Lifestyle
Travel
Recipes
Book Review
Horoscope

More
Ananda Utsav
Photo
Video
Robibashoriyo
Patrika

Company
Terms of Use
About Us
Advertise with
Privacy Policy

Download the latest Anandabazar app
GET IT ON Google Play
Download on the App Store

Websites The Telegraph online edugraph

© 2024 ABP Pvt. Ltd.

ADVERTISEMENT
Ads by